

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৫তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ

অনলাইন ডেক্স

প্রকাশিত: ০৯:২৫, ১ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০৫তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ মঙ্গলবার।
এবারের প্রতিপাদ্য—‘বৈষম্যহীন ও অন্তর্ভুক্তিমূলক সমাজ
বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়’। দিনটি উদযাপন উপলক্ষে
বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসজুড়ে বর্ণাত্য কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

উপাচার্য ভবন, ঐতিহাসিক কার্জন হল, কলা ভবন, টিএসসি এবং
বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ স্থাপনা ও সড়কগুলো
আলোকসজ্জায় সেজেছে। চারদিকে উৎসবমুখর পরিবেশ।
শিক্ষার্থীদের মাঝেও রয়েছে আনন্দ ও উচ্ছ্বাস।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সকাল ১০টায় ছাত্র-শিক্ষক কেন্দ্রের
সামনে পায়রা চতুরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে আনুষ্ঠানিকভাবে
প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচির উদ্বোধন করবেন।

বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, দিবসটি উপলক্ষে সকাল ১০টা
থেকে দুপুর ১২টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ বন্ধ থাকবে।
তবে পূর্বনির্ধারিত পরীক্ষাগুলো যথারীতি অনুষ্ঠিত হবে।

নিরাপত্তা ও শোভাযাত্রা নির্বিঘ্ন করতে সকাল সাড়ে ৯টা থেকে
সাড়ে ১০টা পর্যন্ত নীলক্ষেত ও ফুলার রোড সংলগ্ন প্রবেশপথে
যান চলাচল সাময়িকভাবে বন্ধ থাকবে। সংশ্লিষ্টদের বিকল্প পথ
ব্যবহারের অনুরোধ জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে দেওয়া এক শুভেচ্ছা বার্তায় উপাচার্য বলেন, “বাংলাদেশের যেকোনো গুরুত্বপূর্ণ ঐতিহাসিক মুহূর্তে তাকা বিশ্ববিদ্যালয় নেতৃত্ব দিয়েছে। রাজনৈতিক ও সামাজিক নানা আন্দোলন-সংগ্রামে এই বিশ্ববিদ্যালয়ের ভূমিকা ছিল অনস্বীকার্য। আমরা এই প্রতিষ্ঠাবার্ষিকীর মধ্য দিয়ে বৈষম্যহীন ও অন্তর্ভুক্তিমূলক একটি সমাজ গঠনের প্রত্যয় পুনর্ব্যক্ত করছি।”
